(ত) **জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের কাজ** : জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগে মোট ৩৪৫ (তিনশত পঁয়তাল্লিশ) টি নিদর্শন সংগ্রহভুক্ত করা হয়েছে। বাদ্যযন্ত্র দিয়ে ২৮ নম্বর গ্যালারি আধুনিক, দৃষ্টিনন্দন ও নতুনভাবে উপস্থাপন করা হয়েছে। ইলেকট্রিক রেকর্ড প্লায়ার-১টি, প্রজেক্টর ক্যামেরা-১টি, নব সংগৃহীত ৬ (ছয়) টি নিদর্শন, ৬২টি অস্ত্র-শস্ত্র, কাঠের বেড়ার অংশ সংগ্রহ নম্বর- ৯৩.১৩১.১৬, অলংকার বক্স (কচ্ছপ আকৃতি) সংগ্রহ নম্বর- বি ৭৪৩, জামদানি শাড়ি ১ টি, ৮১ টি ধাতব শিল্পকর্ম নিদর্শন, পিতলের খাট নিদর্শন ১ টি, ৬৭ টি জন-জীবন নিদর্শন, ৩ টি পোশাক, ১টি নকশিকাঁথা নিদর্শন, তুম্বা (লবণ পাত্র) সংগ্রহ নম্বর- ৮৫.২৪৯০ নিদর্শন সংরক্ষণের জন্য সংরক্ষণ রসায়নাগারে প্রেরণ এবং সংরক্ষণ কাজ শেষে ফেরত নিয়ে বিভাগীয় স্টোরে রাখা হয়েছে। এছাড়া কাতান শাড়ি সংগ্রহ নম্বর- জ-০০.৩৬৭, জামদানি শাড়ি সংগ্রহ নম্বর- জ-৮৬.৬৮০১ নিদর্শন ২টি, ৩০ টি জন-জীবন নিদর্শন এবং ২ টি কাঁথা নিদর্শন, সংগ্রহ নম্বর- জ-২০০২.১৯২ ও জ-৮৯.৬১১ সংরক্ষণের নিমিত্তি সংরক্ষণ রসায়নাগারে প্রেরণ করা হয়েছে। ড. নিয়াজ জামান, গবেষককে বস্ত্র বিষয়ক বর্ণনামূলক ক্যাটালগ তৈরির কাজে, ড. জিনাত মাহারুখ বানু, গবেষককে অলংকার বিষয়ক বর্ণনামূলক ক্যাটালগ তৈরির কাজে, জনাব শাওন আকন্দ, গবেষককে ফোক আট বিষয়ক বর্ণনামূলক ক্যাটালগ তৈরির কাজে, ড. সাইমন জাকারিয়া, গবেষককে বাদ্যযন্ত্র বিষয়ক বর্ণনামূলক ক্যাটালগ তৈরির কাজে এবং ড. ফিরোজ মাহমুদ, গবেষককে অস্ত্র বিষয়ক বর্ণনামূলক ক্যাটালগ তৈরির কাজে নিদর্শনের তথ্য, আলোকচিত্র এবং চাহিদা মোতাবেক স্টোর থেকে নিদর্শন এনে পর্যবেক্ষণের জন্য সহযোগিতা প্রদান করা হয়েছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও ঢাকা আর্ট সামিটের যৌথ উদ্যোগে বাংলাদেশ শিল্পকলা একাডেমির দ্বিতীয় চিত্রশালায় অনুষ্ঠিত প্রদর্শনীত জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের ০৩ (তিন) টি নিদর্শন (১) চেয়ার সংগ্রহ নম্বর- ১২৫০, (২) গোলাপ পাশ সংগ্রহ নম্বর- ১৯৮৮.০৩৯০১ এবং (৩) ২০০২.৪০৫ সাময়িকভাবে ধার হিসেবে প্রদান করা হয়। এছড়া ০৫/১২/২০১৭ তারিখ দক্ষিণ কোরিয়ার জেজু দ্বীপপুঞ্জে UNESCO'র ICH এর ১২তম অধিবশনে "সিলেটের ঐতিহ্যবাহী শীতলপাটি বিশ্ব নির্বস্তুক ঐতিহ্য'' হিসেবে ঘোষণা দেয়া হয়।

(থ) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশুদিবস ২০১৮ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধি কমপ্লেক্সে আয়োজিত বইমেলায় বাংলাদেশ জাতীয় জাদুঘর অংশগ্রহণ করেছে।

(দ) **প্রাকৃতিক ইতিহাস বিভাগের কাজ** : ''বাংলাদেশ জাতীয় জাদুঘর সংগ্রহ ব্যবস্থাপনা সিস্টেম (CMS) ও তথ্যযোগাযোগ ব্যবস্থাপনা সিস্টেম (MIS) উন্নয়ন কার্যক্রম'' শীর্ষক কর্মসূচির কাজ, ''বাংলাদেশ জাতীয় জাদুঘর সংগ্রহ ব্যবস্থাপনা সিস্টেম (CMS) ও তথ্যযোগাযোগ ব্যবস্থাপনা সিস্টেম (MIS) উন্নয়ন কার্যক্রম'' শীর্ষক কর্মসূচির 'শামুক/ ঝিনুক' এর ক্যাটালগ তৈরির জন্য Journeyman কর্তৃক নিয়োগপ্রাপ্ত Descriptive cataloguer প্রফেসর ড. আবু তৈয়ব আবু আহমেদকে ক্যাটালগের পান্ডুলিপি তৈরিতে সহায়তা প্রদান, 'বাংলাদেশ প্রাকৃতিক ইতিহাস জাদুঘর (Bangladesh Natural History Museum)' শীর্ষক প্রকল্পের DPP প্রস্তুত এবং সংশোধনের কাজ, বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক প্রস্তাবিত 'The Traditional Art of Shital Pati Weaving of Sylhet' শিরোনামের উপাদান Unesco এর the Representative List of the Intangible Cultural Heritage of Humanity হিসেবে inscribed সংক্রান্ত কাজ, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের Access to Information (A2i) Programme এর সার্ভিস ইনোভেশন ফান্ডের আওতায় 'বাংলাদেশ জাতীয় জাদুঘরের ভার্চুয়াল গ্যালারি (Virtual Gallery of Bangladesh National Museum)' শীর্ষক প্রকল্পের পিসিআর তৈরির কাজ, প্রাকৃতিক ইতিহাস বিভাগের স্টোরের নিদর্শনসমূহের অভ্যন্তরীণ ভেরিফিকেশন এবং স্টোর পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ, বাংলাদেশ জাতীয় জাদুঘরের OIS ডাটাবেস ফর্মে নিদর্শনের তথ্য সন্নিবেশের কাজ, 'মানচিত্রে বাংলাদেশ' শীর্ষক ১ নম্বর গ্যালারির দেয়ালে উপস্থাপিত 'বিশ্ব মানচিত্রে বাংলাদেশ' শীর্ষক মানচিত্রটিতে তথ্য হালনাগাদ করে ডিসপ্লে শাখার সহযোগিতায় পুনরায় গ্যালারিতে উপস্থাপন, 'সুন্দরবন' শীর্ষক গ্যালারি নম্বর ৩-এর ডিওরামাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ, 'সুন্দরবন' শীর্ষক ৩ নম্বর গ্যালারির পূর্ব দিকের ডিওরামায় উপস্থাপিত প্রাণিজ নিদর্শন 'কানিবক' (সংগ্রহ নম্বর প-৯৭.৬৪০) ও 'দোয়েল' (নম্বরবিহীন) প্রদর্শনী অনুপযুক্ত হওয়ায় জরুরিভিত্তিতে সংরক্ষণ করার জন্য বিভাগে স্থানান্তর, 'শিলা ও খনিজ' শীর্ষক গ্যালারি নম্বর ৪-এর শোকেসসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ, 'ফুল, ফল, লতা-পাতা' শীর্ষক গ্যালারি নম্বর ৬-এর শোকেসসমূহে নতুনভাবে তৈরি করে কৃত্রিম ফুল উপস্থাপন এবং পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ, 'জীবজন্তু' শীর্ষক গ্যালারি নম্বর ৭-এর মিঠাপানির মাছের ছবিসহ নতুন লেবেল তৈরি, 'জীবজন্তু' শীর্ষক গ্যালারি নম্বর ৭-এর গ্যালারিতে একটি ভ্যান গাড়িতে বঙ্গোপসাগরের সমসাময়িক শামুক-ঝিনুকের নমুনা কক্সবাজারের শোরুম ও বিক্রয়কেন্দ্র থেকে সংগ্রহ করে উপস্থাপন, 'বাংলাদেশের স্তন্যপায়ী প্রাণী' শীর্ষক গ্যালারি নম্বর ৯-এর শোকেসসমূহ এবং 'হাতি' শীর্ষক গ্যালারি নম্বর ১০-এর ডিওরামা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ এবং ২৩ নম্বর গ্যালারির ছয়টি বোর্ডে উপস্থাপিত ১৩৯টি শামুক/ঝিনুক কর্মসূচির আলোকচিত্র গ্রহণ শেষে পুনরায় গ্যালারিতে উপস্থাপন।

(ধ) **আইসিটি শাখার বিভিন্ন কাজ :** (১) সার্ভার সিস্টেমস মেইনটিন্যান্স, ডাটাবেস রিকভারি, ব্যাকআপ, মনিটরিং, ট্রাবল শুটিং, এন্টিভাইরাস ও ফায়ার ওয়াল স্ট্যাটাস মনিটরিং, (২) A2i এর ইনোভেশন ফান্ডের অর্থায়নে জাতীয় জাদুঘর ভার্চুয়াল গ্যালারি তৈরির কাজে তত্ত্বাবধান ও সহযোগিতা প্রদান, (৩) e-News Letter প্রকাশের কার্যক্রম গ্রহণ, (৪) নিয়মিতভাবে জাতীয় জাদুঘরের ওয়েবসাইট (www.bangladeshmuseum.gov.bd)-এ অনুষ্ঠানমালা, দর্শকসংখ্যা, বিজ্ঞাপন, বিজ্ঞপ্তি নোটিশ, অনুষ্ঠানের প্রয়োজনীয় তথ্য হালনাগাদকরণ, (৫) জাদুঘরের মূল ওয়েবসাইট এর বিকল্প হিসাবে www.bnm.org.bd ওয়েবসাইটে সংরক্ষণকরণ, (৬) National Web Portal এর আওতায় তৈরিকৃত ওয়েবসাইট সংরক্ষণ ও আপডেটকরণ, (৭) সোশাল মিডিয়ায় (facebook ও tweeter) তথ্য আপলোডকরণ, (৮) Domain Mail ব্যবহার করে প্রেস রিলিজ (১৪০টি পত্রিকায় এবং সাংবাদিকদের) প্রেরণ, (৯) Domain e-Mail পদ্ধতি ব্যবহার করে জাদুঘরের অনুষ্ঠানের আমন্ত্রণপত্র প্রেরণের জন্য e-mail তালিকায় নতুন সংযোজন ও আমন্ত্রণপত্র e-mail-এ প্রেরণ, (১০) SMS এর মাধ্যমে আমন্ত্রণপত্র/তথ্য প্রেরণ, (১১) লাইব্রেরি শাখায় দূর্লভ গ্রন্থের অংশ বিশেষ স্ক্যানিং করে ডিজিটাল সংরক্ষণকরণ, (১২) ডিজিটাল পদ্ধতিতে টিকিট বিক্রয় কার্যক্রমের তত্ত্বাবধান ও কারিগরি সহযোগিতা প্রদান,

(১৩) সিনেপ্লেক্সে প্রজেক্টরে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন উপস্থাপন, লবিতে ও প্রদর্শনী কক্ষের সাইনেজে ভিডিও স্লাইড প্রদর্শন, (১৪) বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন কিউরেটোরিয়াল বিভাগ ও শাখার কম্পিউটার পরিচর্যা, হার্ডওয়ার ও সফটওয়্যার মেইনটেনেন্স, ট্রাবল শুটিং এবং কম্পিউটার পরিচালনায় কর্মকর্তা ও অপারেটরদের পরামর্শ ও সহযোগিতা প্রদান, (১৫) CC Camera পর্যবেক্ষণকরণ (২০০২ নং কক্ষ), (১৬) জাতীয় জাদুঘরের ১৫১ নম্বর কক্ষে সংস্থাপিত Color Laser Printer and A3 Scanner এর মাধ্যমে জাদুঘরের বিভিন্ন বিভাগ ও শাখায় চাহিদামতো সেবা প্রদান, (১৭) জাতীয় জাদুঘরের ICT মেইনটেনেন্স সার্ভিস কাজের জন্য নিয়োজিত Dedicated Response Team এর কাজ তত্ত্বাবধান ও (১৮) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও ICT Division এর বাংলা গভ.নেট এর আইপি ফোন ও ইনফো-সরকারের ভিডিও কনফারেন্সিং সিস্টেম প্রকল্পে আওতায় সংস্থাপিত ICT সরঞ্জাম রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদন করা হয়েছে। উক্ত প্রকল্প-দ্বয়ের আওতায় 2mbps shared broad band internet সংযোগ বিকল্প হিসাবে ২০০২ নম্বর কক্ষে ব্যবহার করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(ন) **ফটোগ্রাফি শাখার কাজ :** জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের জন্য ১১৬টি (একশত ষোলো) নির্দশনের আলোকচিত্র ধারণ। জাতীয় জাদুঘর কর্মীদের উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠানের আলোচকচিত্র ধারণ। শিল্পী মাহানাজ করিম হোসেন, শিল্পী ফাহিম হোসেন চৌধুরী, শিল্পী সুজিত মোস্তফা, শিল্পী কামাল আহম্মেদ, শিল্পী তানজিনা তমা, শিল্পী শামিমা পারভীন, শিল্পী কমলিকা চক্রবর্তী, শিল্পী আফসানা রুনা, শিল্পী অদিতি মহসিন, শিল্পী ইয়াকুব আলী খান, শিল্পী আতিকুর রহমান, শিল্পী ইয়াকুব আলী খান, শিল্পী রাহাত আরা গীতি, শিল্পী রেবেকা সুলতানা, শিল্পী রথীন্দ্রনাথ রায়, শিল্পী কালীপদ শীল, শিল্পী টুনটুন বাউল, শিল্পী জোসেফ কমল রড্রিক্স, শিল্পী পিনু সাত্তার এবং শিল্পী শামা রহমান-এর একক সংগীত সন্ধ্যা অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। ঠাকুর গাঁও জেলা ট্রেজারীতে রক্ষিত পুরার্কীতি নিদর্শনসহূহ সংরক্ষণের জন্য ঠাকুরগাঁও জেলায় ভ্রমণ করে আলোকচিত্র ধারণ। Reading Copper plate inscriptions of Bengali forms Formets and contents সেমিনারের আলোকচিত্র ধারণ। বাংলাদেশ সরকারের আমন্ত্রণে মিয়ানমার সরকারের ৬ সদস্যের একটি প্রতিনিধি দল বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিদর্শনের আলোকচিত্র ধারণ। ঋদ্ধি বন্দোপাধ্যায় এবং রামেন্দু মজুমদারের বাংলা গান ও কবিতার যুগলবন্দী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। আবদুল করিম সাহিত্য বিশারতের ব্যক্তিগত স্মৃতিস্মারক হস্তান্তরের অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। Bengal Muslin Premer of the documentary film Legend of the Loom প্রদর্শনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী কক্ষে Book Launch & Solo Exhibition, Maksuda Iqbal Nipa-এর একক চিত্র প্রদর্শনী উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘরের ১০৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে বক্তৃতা অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান লবিতে শহীদ সার্জেন্ট জহুরুল হক-এর অস্থায়ী প্রদর্শনীর আলোকচিত্র ধারণ। জাতির পিতা ৪২তম শাহাদাৎ বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে ধানমন্ডির ৩২ নং সড়কে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পনকালে আলোকচিত্র ধারণ। শিল্পী মো. ইলিয়াস খান-এর একক চিত্র প্রদর্শনী এবং শক্তি পদ হালদার-এর একক চিত্র প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। প্রাকৃতিক ইতিহাস বিভাগের জন্য ৮০ (আশি)টি নিদর্শনের আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘর আয়োজিত প্রয়াত প্রখ্যাত চলচ্চিত্রকার চাষী নজরুল ইসলামের স্মৃতি নিদর্শন হস্তান্তর অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। সংরক্ষণ রসায়নাগার বিভাগে 2nd On-Site Training and Workshop on Conservation Under the Project-Gi Conservation with Advanced Technique for Cultural Heritage (CATCH) -এর সেমিনার ও প্রশিক্ষণের আলোকচিত্র ধারণ। জাতীয় কবি নজরুল ইসলামের ৪১ তম মৃত্যুবার্ষিকী ২০১৭ উদযাপন উপলক্ষে সকালে কবির সমাধীতে পুষ্পস্তবক অর্পন ও দোয়া পাঠকালে আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘর আয়োজনে অক্ষরযোজনার মাধ্যমে বাংলার প্রাচীন মুদ্রণ কৌশল শীর্ষক প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘর ও Cosmos -এর যৌথ উদ্যোগে BOOKLAUNCH BOATS a Treasure of Bangladeh YVES MARRE Barge for Bangladesh প্রকাশনা অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘর আয়োজিত পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃ গোষ্ঠীর জীবন ও কর্মের উপর এম এ তাহের-এর একক আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। AKHTARUN NAHAR IVY Solo Ceramic Art Exhibition-এর আলোকচিত্র ধারণ। কথাসাহিত্যিক শওকত ওসমান: জীবন ও সাহিত্য শীর্ষক অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। কথাসাহিত্যিক শওকত ওসমান-এর স্মৃতি নিদর্শন হস্তান্তর অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। কবি শামসুর রাহমান: জীবন ও সাহিত্য বিষয়ক আলোচনা সভা-এর অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। শেরে বাংলা এ. কে ফজলুল হক-এর ১৪৪ তম জন্মবার্ষিকী পালন উপলক্ষে স্মরণ অনুষ্ঠানে আলোকচিত্র ধারণ। শিল্পী হামিদুজ্জামান খান-এর রেট্রোস্পেকটিভ একক শিল্পকর্ম প্রদর্শনীর আলোকচিত্র ধারণ। সৈয়দ শাহিনা খান 'প্রাক্তণ সাংসদ ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময়কাল বেশ কিছু চিঠি দলিল উপহার জাদুঘরে হস্তান্তরের আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘর ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত জেলহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভার আলোকচিত্র ধারণ। 'চীনা ও বাংলাদেশিদের ক্যামেরায় সুন্দর মুহূর্ত আলোকচিত্র প্রদর্শনী এবং 'চীনা চলচ্চিত্র সপ্তাহ'র উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। স্মৃতি বক্তৃতা ২০১৭ আহমদ ছফাঃ মন ও মনন-এর অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। 'ইজুরাবানা' হস্তান্তর অনুষ্ঠান-এর আলোকচিত্র ধারণ। প্রাচ্যশিল্পের বিস্তার-শীর্ষক প্রাচ্যকলা প্রদর্শনী-২০১৭ অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। মাসুদ আহমেদ ও আক্তারী মমতাজ-এর কথা ও সুরের আমন্ত্রণে গান ও কবিতার যুগলবন্দি অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। সওগাত সম্পাদক মোহামদ নাসিরউদ্দিন-এর স্মরণ অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। ভাই গিরিশচন্দ্র সেন: ক্ষণজন্মা পুরুষের পথ চল-এর স্মরণ অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। মোকারম হোসেন-এর বাংলাদেশের পুষ্প-বৃক্ষ লতা-গুল্ম প্রকাশনা উৎসব অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। সিলেটের ঐতিহ্যবাহী শীতলপাটি প্রদর্শনী ২০১৭ এর আলোচনা সভা এবং প্রদর্শনী উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। মহান বিজয় দিবস ২০১৭ উদ্যাপন উপলক্ষে বাংলা কথাসাহিত্যে মুক্তিযুদ্ধের ইতিহাস শীর্ষক আলোচনা, মুক্তিযুদ্ধের গান, স্মৃতি- রোমন্থন ও কবিতা পাঠঅনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। জগৎ- বিখ্যাত বিজ্ঞানী স্যার জগদীশচন্দ্র বসু'র স্মরণ অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। 'মসলিন পুনরুজ্জীবন: সমস্যা ও সম্ভবনা' শীর্ষক সেমিনার অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। বাংলা সাহিত্যের প্রথিতযশা কবি সুফিয়া কামাল-এর স্মরণ অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। শিল্পাচার্য জয়নুল আবেদিনের ১০৩ তম জন্ম দিবস উপলক্ষে শিল্পাচার্য জয়নুল আবেদিনের সমাধিতে পুষ্পস্তবক অর্পণকালে আলোকচিত্র ধারণ। অনিমা রায় ও ড. শাহাদাৎ হোসেন নিপু সুর ও কথার যুগলবন্দি অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ।

কিংবদন্তী গায়ক আব্দুল আলীম স্মরণ অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ করা হয়। 'সেবা সহজীকরণ বিষয়ক' সেমিনার-এর আলোকচিত্র ধারণ। বাংলাদেশ জাতীয় জাদুঘর ও রবীন্দ্র একাডেমী যৌথ উদ্যোগে আয়োজিত 'মুক্তির জয় বলো ভাই' শতকণ্ঠে রণাঙ্গনে রবীন্দ্রনাথের গান অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ করা হয়। ইংরেজি নতুন বছরকে স্বাগত জানাতে বাংলাদশে জাতীয় জাদুঘর প্রাঙ্গণ সাজসজ্জা জামদানী বুনন প্রদর্শনী শীতের পিঠা ও বার্ষিক ক্যালন্ডোর বিতরণ এবং শিশুদের মাঝে বিলুন বিতরণের আলোকচিত্র ধারণ। বাংলা সাহিত্য ও সংস্কৃতি অন্যতম সেরা পন্ডিত ও মনীষী ড. আহমদ শরীফ স্মরণে সেমিনার অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। রোহিঙ্গা: দি স্টেইলেন্স রিকুজিম্ ইন বাংলাদেশ আলোকচিত্র সাংবাদিক বায়েজীদ আকতারের সপ্তম আলোকচিত্র প্রদর্শনী ও আলোচনা অনুষ্ঠানে আলোকচিত্র ধারণ। শিল্পী হাশেম খান-এর শিল্পকলা প্রদর্শনী ২০১৮ জোড়াতালির চালচিত্র শিল্পকলা প্রদর্শনী ২০১৮ কা, রঙ ও ড্রইং সমন্বয় শিল্পকলার উপর প্রদর্শনী এবং উদ্বোধনী অনুষ্ঠানে আলোকচিত্র ধারণ। প্রথাবিরোধী করি ও লেখক অধ্যাপক হুমায়ুন আজাদ-এর সেমিনারের আলোকচিত্র ধারণ। বাংলা সাহিত্যের শক্তিমান লেখক ও গবেষক আব্দুল মান্নান সৈয়দ এর ওপর সেমিনারের অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। বিশিষ্ট কথাসাহিত্যিক ও সংগীত শিল্পী মাসুদ আহমেদ ও আফসানা রহমান কাকন এবং বাচিক শিল্পী বেগম শিরীনা বিথীর আবৃত্তি সন্ধ্যা অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। The World of Novera Ahmed Gregoire de Brouhns–এর অনুষ্ঠানে আলোকচিত্র ধারণ। Quintessential Canadian A Retrospective Exhibition of Charles Pachter–এর অনুষ্ঠানে আলোকচিত্র ধারণ। On the Occasion of the 39th Anniversary of the glorious victory of the Islamic Revolution Iran (National Day) Discussion on Independence National Ability and Development of the Islamic Republic of Iran -এর অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। শিল্পী আনোয়ারা বাহার চৌধুরী জন্মশতবার্ষিকী গান, আলোচনা ও তথ্যচিত্র অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। বিশিষ্ট শিক্ষাবিদ ও লেখক অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী'র ৯০ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা। স্মৃতি নিদশন হস্তান্তর অনুষ্ঠানের (প্রধান অতিথি স্থপতি ইয়াফেস ওসমান মাননীয় মন্ত্রী বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়) আলোকচিত্র ধারণ। বলধা গার্ডেন ও নরেন্দ্র নারায়ণ রায় চৌধুরীর ওপর সেমিনারের আলোকচিত্র ধারণ। একুশে ফেব্রুয়ারি ১৯৫২: ছাত্র হত্যাকান্ড 'এলিস কমিশন রির্পোট' প্রকাশনা অনুষ্ঠান এবং ঐতিহ্যবাহী জামদানী নকশা প্রকাশনা অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। চিত্রপটে বঙ্গবন্ধু ও বাংলাদেশ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে পটুয়া নাজির হোসেন-এর ৩২ তম একক পটচিত্র পদর্শনী উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। Seminar o Arabian Nights: The Cultural Palimpsest of Abanindranath Tagore -এর আলোকচিত্র ধারণ। নবাব স্যার সলিমুল্লাহ: জীবন ও কর্ম-এর আলোকচিত্র ধারণ। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ পেক্ষাপট ও ঐতিহাসিক তাৎপর্য অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। পল্লী কবি জসীম উদদীন: জীবন ও সাহিত্যকর্ম অনুষ্ঠান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন উপলক্ষে বিশিষ্ট কবিদের বঙ্গবন্ধু নিবেদিত কবিতা পাঠ অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। ১৯৭১-এ পাকিস্তানি হানাদার বাহিনী বর্বর গণতহ্যাও মহান মুক্তিযুদ্ধের আলোচিত্র এবং স্মৃতি স্মারক প্রদর্শনী উদ্বোধনী অনুষ্ঠান। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধের গল্প এবং মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার কবিতা আবৃত্তি অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। স্থপতি ফজলুর রহমান খান: জীবন ও কীর্তি আলোচনা সভার আলোকচিত্র ধারণ। শিল্পী শাহীন সামাদ ও শিল্পী বেলায়েত হোসেন-এর গান ও কবিতার যুগলবন্দি অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। স্যার যদুনাথ সরকার: জীবন ও কর্ম শীর্ষক আলোচনা সভার আলোকচিত্র ধারণ। International Council of Museum (ICOM) Workshop on Definition of Museum শীর্ষক আলোচনা সভার আলোকচিত্র ধারণ। বিশিষ্ট আলোকচিত্রশিল্পী নাসির আলী মামুন-এর 'ফটোজিয়াম' শীর্ষক একক পোট্রেট আলোকচিত্র প্রদর্শনীর ও উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। কার্ল মার্ক্স-এর ২০০তম জন্মবার্ষিকী উপলক্ষে সেমিনারের আলোকচিত্র ধারণ। অধ্যাপক সেলিমা চৌধুরী রচিত Women in Bangladesh Liberation War Rediscoverd in Madonna Series গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ উপলক্ষে স্যাটেলাইট যুগে বাংলাদেশ শীর্ষক সেমিনার অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। নবসজ্জিত বাদ্যযন্ত্র গ্যালারির উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগ আয়োজিত প্রামাণ্য চলচ্চিত্র মনপুরা'৭০ একটি ছবির গল্প A Documentary Film-এর প্রদর্শনী উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। নবনির্যুক্ত মহাপরিচালক জনাব মো. আব্দুল মান্নান ইলিয়াস মহোদয়ের সাথে জাতীয় জাদুঘরের কর্মকর্তা ও কর্মচারিদের সঙ্গে সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ। ভাস্কর শিল্পী আইভি জামানের চতুর্থ একক ভাস্কর্য ও পেইন্টিং প্রদর্শনী সাহসী ভাস্কর্যের ভুবন উদ্বোধনী অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ।

(৫) **বাংলাদেশ জাতীয় জাদুঘরের আয়োজিত ২০১৭-২০১৮ অর্থ-বছরের অনুষ্ঠানমালা :**

(ক) বাংলাদেশ জাতীয় জাদুঘরের বাৎসরিক ক্যালেন্ডারের নির্ধারিত অনুষ্ঠানঃ

ক্র. ন.	বাস্তবায়নকাল	অনুষ্ঠানের বিবরণ
১.	০৭ জুলাই ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে ৭ জুলাই ২০১৭, শুক্রবার সন্ধ্যা ৭ টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে একক সংগীতসন্ধ্যার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন বিশিষ্ট নজরুল সংগীত শিল্পী সালাউদ্দিন আহমেদ।
২.	১৪ জুলাই ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে ১৪ জুলাই ২০১৭, শুক্রবার সন্ধ্যা ৬.৩০ মিনিটে বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে একক সংগীতসন্ধ্যার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব ইব্রাহীম হোসেন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিসেস ওবায়দুল কাদের, সাবেক আইন মন্ত্রী ব্যারিষ্টার শফিক আহমেদ, প্রফেসর মাহফুজা খানম এবং দৈনিক ইত্তেফাকের নির্বাহী সম্পাদক মিসেস তাসমিমা হোসেন। স্বাগত ভাষণ দেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মো. শওকত নবী।

ক্র. ন.	বাস্তবায়নকাল	অনুষ্ঠানের বিবরণ
৩.	২১ জুলাই ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে ২১ জুলাই ২০১৭, শুক্রবার সন্ধ্যা ৭টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে একক সংগীতসন্ধ্যার আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের জনশিক্ষা বিভাগের কীপার জনাব নূরে নাসরীন। শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব শিল্পী আবুল হায়াত এবং বিশিষ্ট সঙ্গীতজ্ঞ জনাব আজাদ রহমান।
৪	২২ জুলাই ২০১৭	২২ জুলাই ২০১৭, শনিবার সকাল ১১টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে Reading Copper Plate Inscriptions of Bengal: Forms, Formats and Contents শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাপানের টোকিও বিশ্ববিদ্যালয়ের Institute of Advanced Studies on Asia এর সহযোগী অধ্যাপক Dr. Ryosuke Furui. সভাপতিত্ব এবং সঞ্চালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আবদুল মোমিন চৌধুরী। প্রবন্ধের ওপর আলোচনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আকসাদুল আলম।
৫	২৮ জুলাই ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে ২৮ জুলাই ২০১৭, শুক্রবার সন্ধ্যা ৭টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে গান এবং কবিতার যুগলবন্দী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের জনশিক্ষা বিভাগের কীপার জনাব নূরে নাসরীন।
৬	২৯ জুলাই ২০১৭	ইতিহাস ও ঐতিহ্যের নিদর্শন সংগ্রহ বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত কর্মসূচি। এরই অংশ হিসেবে ২৯ জুলাই ২০১৭ তারিখ বাংলাদেশ জাতীয় জাদুঘরে সংগৃহীত হলো বাংলা সাহিত্যের অনন্য মনীষী আবদুল করিম সাহিত্য বিশারদের স্মৃতি নিদর্শন। বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্ট্রিজ সভাকক্ষে এক অনাড়ম্বর অনুষ্ঠানে জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরীর নিকট আবদুল করিম সাহিত্য বিশারদের নাতি ড. নিহাল করিম এবং জনাব জাহেদ করিম পরিবারের পক্ষ থেকে নিদর্শনগুলি হস্তান্তর করেন। স্মৃতি নিদর্শনের মধ্যে রয়েছে সরকার কর্তৃক প্রদত্ত আবদুল করিম সাহিত্য বিশারদের স্বাধীনতা স্বর্ণ পদক, বাংলাদেশ সরকার কর্তৃক আয়োজিত সাহিত্য বিশারদের ১২৬ তম জন্মদিনের খাম ও স্ট্যাম্প, আবদুল করিম সাহিত্য বিশারদের জন্মকুষ্টি, হস্তলিপি, কাঁসার হুক্কা, পানদান, লণ্ঠন, পিদিম, কালির দোয়াত, চিলমচি, খাবার প্লেট, পিতলের তৈরি কানের শ্রবণযন্ত্র এবং নদীয়া সাহিত্য সভা কর্তৃক প্রদত্ত সাহিত্য সাগর উপাধি সনদ এবং মানুষ ক্রয়-বিক্রয়ের ঐতিহাসিক দলিল। আবদুল করিম সাহিত্য বিশারদের স্মৃতি নিদর্শন জাদুঘরে হস্তান্তর করে ড. নিহাল করিম বলেন, আবদুল করিম সাহিত্য বিশারদের ব্যবহৃত সকল স্মৃতি নিদর্শন জাতির সম্পদ। তাই জাদুঘর এর প্রকৃষ্ট জায়গা।
৭	৩০ জুলাই ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং দৃক পিকচার লাইব্রেরির যৌথ উদ্যোগে ৩০ জুলাই ২০১৭ রবিবার বিকাল ৩টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে Legend of the Loom তথ্যচিত্রের প্রিমিয়ার শো আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এম.পি।
৮.	১ আগস্ট ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর ও গ্যালারি কসমস যৌথভাবে চিত্রশিল্পী মাকসুদা ইকবাল নিপার চিত্রকর্মের উপর স্বতন্ত্র প্রকাশনা MASUM IQBAL NIPA EPISODES OF HER GAZE এর প্রকাশনা উৎসব আয়োজন করা হয়। এ উপলক্ষে শিল্পীর একটি একক চিত্রকর্ম প্রদর্শনীর আয়োজন করা হয়। ১ আগস্ট ২০১৭ মঙ্গলবার বিকাল ৪টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে বইটির মোড়ক উন্মোচন ও নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে একক প্রদর্শনীটি উদ্বোধন করেন সাবেক রাষ্ট্রদূত ও বাংলাদেশ এন্টারপ্রাইজ ইন্সটিটিউটের প্রেসিডেন্ট জনাব ফারুক সোবহান, বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার মান্যবর রাষ্ট্রদূত জনাব এ এইচ এন সেওং-দু, অস্ট্রেলিয়ান হাই কমিশনার মিস জুলিয়া নিবালেত এবং চিত্রশিল্পী ও শিল্পলেখক জনাব জাভেদ জলিল। উদ্বোধনী অনুষ্ঠানে বেহালা-যন্ত্রসংগীত পরিবেশন করেন মিসেস সং গো ইয়ুন।
৯.	০৪ আগস্ট ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে ০৪ আগস্ট ২০১৭, শুক্রবার সন্ধ্যা ৭টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে একক সঙ্গীতসন্ধ্যার আয়োজন করা হয়। অনুষ্ঠানে একক সংগীত পরিবেশন করেন শিল্পী সুজিত মোস্তফা।
১০.	৬ আগস্ট ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে ০৬ আগস্ট ২০১৭, রবিবার সন্ধ্যা ৭টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে একক সঙ্গীতসন্ধ্যার আয়োজন করা হয়। অনুষ্ঠানে একক সংগীত পরিবেশন করেন শিল্পী কামাল আহমেদ।
১১.	৭ আগস্ট ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের ১০৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে ৭ আগস্ট ২০১৭, সোমবার বিকাল ৪টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে ‘বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রতিষ্ঠার ১০৪ বছর: প্রতিষ্ঠা ও বিকাশের ইতিবৃত্ত’ শীর্ষক বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। বক্তৃতা প্রদান করেন জাদুঘরের সাবেক মহাপরিচালক ড. এনামুল হক। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী।
১২.	২৫ আগস্ট ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে ২৫ আগস্ট ২০১৭, শুক্রবার সন্ধ্যা ৭টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে একক সঙ্গীতসন্ধ্যার আয়োজন করা হয়। একক সংগীত পরিবেশন করেন শিল্পী কমলিকা চক্রবর্তী।

ক্র. ন.	বাস্তবায়নকাল	অনুষ্ঠানের বিবরণ
১৩	৮ সেপ্টেম্বর ২০১৭	০৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে নিয়মিত সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। একক সংগীত পরিবেশন করেন শিল্পী তানজীনা তমা।
১৪	৯ সেপ্টেম্বর ২০১৭	০৯ সেপ্টেম্বর ২০১৭ বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে অক্ষরযোজনার মাধ্যমে বাংলার প্রাচীন মুদ্রণকৌশল শীর্ষক ম্যাসব্যাপী বিশেষ প্রদর্শনী উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব হেদায়েতুল্লা আল মামুন এডিসি । আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ড. মুনতাসীর মামুন, অধ্যাপক মুহাম্মদ জাহাঙ্গীর ও বিশিষ্ট লেখক আলী ইমাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড আব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাসেম খান ।
১৫	১৮ সেপ্টেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আলোকচিত্রী এম এ তাহের-এর ‘বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী’ শীর্ষক দুই সপ্তাহব্যাপী একক আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয় । ১৮ সেপ্টেম্বর ২০১৭ সোমবার বিকাল ৪.৩০ মিনিটে প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন, বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এম. পি.। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাট্যজন রামেন্দু মজুমদার ও বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ড. মুনতাসীর মামুন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড আব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাসেম খান ।
১৬	২২ সেপ্টেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক সন্ধ্যার অংশ হিসেবে ২২ সেপ্টেম্বর ২০১৭ শুক্রবার সন্ধ্যা ৬.৩০ মিনিটে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে একক সংগীত পরিবেশন করেন শিল্পী শামিমা পারভীন শিমু। জনপ্রিয় নজরুল সংগীত শিল্পী শিমু নজরুল সংগীতের পাশাপাশি দেশাত্ববোধক ও আধুনিক গানও পরিবেশন করেন। বিশেষ করে হারানো দিনের বিখ্যাত গানগুলো পরিবেশন করে দর্শকদের বিমোহিত ও বিমুগ্ধ করেন ।
১৭	২৮ সেপ্টেম্বর ২০১৭	২৮ সেপ্টেম্বর ২০১৭ বাংলাদেশ জাতীয় জাদুঘর বার্ষিক কমসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে জাদুঘরের কমকর্তা/কমচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষে আলোকচিত্র নিদশনের সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শনী শীর্ষক প্রশিক্ষণ কমসূচির আয়োজন করা হয়। প্রশিক্ষণ প্রদান করেন জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী, দৃক ও ছবি মেলার কিউরেটর জনাব রেজাউর রহমান, বিশিষ্ট আলোকচিত্রী নাসির আলী মামুন এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংরক্ষণ রসায়রবিদ জনাব আকছারুজ্জামান নূরী। প্রশিক্ষণে জাদুঘরের ১৪ জন কর্মকর্তা ও কর্মচারী অংশ গ্রহণ করেন ।
১৮	৩০ সেপ্টেম্বর ২০১৭	৩০ সেপ্টেম্বর ২০১৭ শারদীয় দূর্গা পূজা উপলক্ষে জাদুঘরে আগত শিশু-কিশোর ও প্রতিবন্ধীদের মাঝে বিনা মূল্যে পানি বিতরণ করা হয় ।
১৯	২ অক্টোবর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর ও গ্যালারি কসমস এর উদ্যোগে বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টাশালী গ্যালারিতে শিল্পী আখতারুন নাহার আইভী’র একক মৃৎশিল্পকর্ম প্রদর্শনীর আয়োজন করা হয়। ০২ অক্টোবর ২০১৭ তারিখ উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিনিয়োগ বোর্ডের প্রাক্তণ চেয়ারম্যান জনাব সৈয়দ আবদুস সামাদ, বাংলাদেশে নিযুক্ত কোরিয়ার মান্যবর রাষ্ট্রদূত জনাব এইচএন সেওং-দু, বরেণ্য শিল্পী হাসেম খান এবং স্বনামখ্যাত ইতিহাসবিদ ও বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ড. মুনতাসির মামুন।
২০	৬ অক্টোবর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে একক সংগীত সন্ধ্যায় ০৬ অক্টোবর ২০১৭, শুক্রবার সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে জনপ্রিয় শিল্পী আফসানা রুনার একক সংগীত সন্ধ্যার আয়োজন করা হয় ।
২১	৭ অক্টোবর ২০১৭	কবি সুফিয়া কামাল মিলনায়তনে বরেণ্য কথাসাহিত্যিক শওকত ওসমানের স্মৃতি-নিদর্শনের প্রদর্শনী এবং তাঁর ‘জীবন ও সাহিত্য’ নিয়ে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইয়াফেস ওসমান, বিশেষ অতিথি ছিলেন ভাষাসংগ্রামী ও রবীন্দ্র গবেষক ডা. আহমদ রফিক, মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট লেখক জনাব আন্দালীব রাশদী, আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খান । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড আব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাসেম খান ।
২২	৯ অক্টোবর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং সাহিত্য প্রকাশের উদ্যোগে কবি সুফিয়া কামাল মিলনায়তনে কর্নেলিয়া রোহ্ড প্রণীত “Catalyst: In the Wake of Great Bhola Cyclon” প্রকাশনা অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের মাননীয় উপাচার্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন মুক্তিযুদ্ধের স্বপক্ষে সংহিত আন্দোলনের কর্মী ডা. জন রোহ্ড এবং একাত্তরের শরণার্থী-ত্রান সংগঠক জুলিয়া ফ্রান্সিস ।

ক্র. ন.	বাস্তবায়নকাল	অনুষ্ঠানের বিবরণ
২৩	১৫ অক্টোবর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর ও গ্যালারি কসমস এর যৌথ উদ্যোগে প্রখ্যাত চিত্রশিল্পী আলোকেশ ঘোষ-এর জীবন ও কর্মের উপর স্বতন্ত্র প্রকাশনা Life and works- Alakesh Ghosh এর প্রকাশনা উৎসব এবং এ উপলক্ষে শিল্পীর একটি চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে মোড়ক উন্মোচন ও নলিনীকান্ত ভট্টাশালী গ্যালারিতে একক চিত্র প্রদর্শনীর উদ্বোধন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এম.পি । অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত কোরিয়ার মান্যবর রাষ্ট্রদূত জনাব এইচএন সেওং-দু এবং বরেণ্য শিল্পী সমরজিৎ রায় চৌধুরী।
২৪	২০ অক্টোবর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে আয়োজন করা হয় বিশিষ্ট রবীন্দ্রসংগীত শিল্পী অদিতি মহসিনের একক সংগীত সন্ধ্যা। প্রধান অতিথি উপস্থিত ছিলেন বেঙ্গল ফাউন্ডেশনের চেয়ারম্যান জনাব আবুল খায়ের লিটন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব কবি হেদায়েতুল্লাহ আল মামুন এনডিসি ।
২৫	২৩ অক্টোবর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাংলা ভাষার অন্যতম প্রধান কবি শামসুর রাহমানের 'জীবন ও সাহিত্যকর্ম' বিষয়ক আলোচনা সভা এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আলোকচিত্রী এম এ তাহেরের তোলা কবির ১০০টি আলোকচিত্র নিয়ে একক প্রদর্শনীর আয়োজন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব হাসানুল হক ইনু এম.পি. আলোচনা ও প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সিনিয়র সচিব কবি হেদায়েতুল্লাহ আল মামুন ।
২৬	২৫ অক্টোবর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে ব্রিটিশ ভারতের গণমানুষের নেতা ও অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী শেরেবাংলা এ কে ফজলুল হকের ১৪৪তম জন্মবার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করে । আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আমির হোসেন আমু এম.পি.। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক যুগান্তর পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক জনাব সাইফুল আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আক্তারুজ্জামান ।
২৭	২৭ অক্টোবর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাংলাদেশের খ্যাতিমান শিল্পী হামিদুজ্জামান খানের রেট্রোস্পেকটিভ প্রদর্শনীর উদ্বোধন করা হয়। প্রধান অতিথি হিসেবে প্রদর্শনীর উদ্বোধন করেন বিশিষ্ট রাষ্ট্রবিজ্ঞানী ও শিল্পসমালোচক অধ্যাপক বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সামিট গ্রুপ অব কোম্পানিজ-এর চেয়ারম্যান জনাম মুহাম্মদ আজিজ খান। আলোচনায় অংশ গ্রহন করেন বিশিষ্ট লেখক জনাব মফিদুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড আব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাসেম খান ।
২৮	৭ নভেম্বর ২০১৭	চীন-বাংলাদেশ মৈত্রী বছর উপলক্ষে সুন্দর মুহূর্ত শীর্ষক আলোকচিত্র প্রদর্শনী এবং চীনা চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে প্রদর্শনীর উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রী জনাব হাসানুল হক ইনু এমপি।
২৯	৭ নভেম্বর ২০১৭	ঢাকায় রাজধানী প্রতিষ্ঠায় সম্রাট জাহাঙ্গীরের অবদান শীর্ষক সেমিনার আয়োজন করা হয় ৭/১/২০১৭ দুপুর ১২ টায়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক অতিরিক্ত সচিব মো. আব্দুল জলিল মিঞা।
৩০	৮ নভেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং সমকাল শিল্পীগোষ্ঠীর যৌথ উদ্যোগে জাদুঘরে ৮/১১/২০১৭ তারিখ শিল্পকর্ম প্রদর্শনীর উদ্বোধন করা হয়। প্রদর্শনটি উদ্বোধন করেন স্প্যানিশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজের প্রেসিডেন্ট নূরীয়া লোপেজ ও নিউমেরিক প্রফেসর ও সমকাল শিল্পীগোষ্ঠীর উপদেষ্টা দেশবরেণ্য চিত্রশিল্পী সমরজিৎ রায় চৌধুরী। সভাপতিত্ব করেন শিল্পী হাশেম খান।
৩১	১০ নভেম্বর ২০১৭	জাদুঘরের প্রধান মিলনায়তনে কথাসাহিত্যিক হুমায়ুন আহমেদের ৬৯তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয় । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়েল মাননীয় মন্ত্রী জনাব হাসানুল হক ইনু এমপি। হুমায়ুন আহমেদের জীবন ও কর্ম নিয়ে আলোচনা করেন বরেণ্য শিল্পী জনাব বারী সিদ্দিকী, অন্যপ্রকাশের প্রধান নির্বাহী জনাব মাজহারুল ইসলাম, বিশিষ্ট অভিনেত্রী জনাব মেহের আফরোজ শাওন, বিশিষ্ট অভিনেতা জনাব মাহফুজ আহমেদ এবং শিল্প মন্ত্রণালয়ের সাবেক সচিব জনাব মাসুদ সিদ্দিকী।
৩২	১১ নভেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে আয়োজন করা হয় আহমদ ছফা স্মৃতিবক্তৃতা। বিষয় ‘আহমদ ছফা : মন ও মনন’। অনুষ্ঠানে স্মৃতি বক্তৃতা প্রদান করেন অধ্যাপক আহমদ কবির। সভাপতিত্ব করেন অধ্যাপক মনসুর মুসা।
৩৩	১১ নভেম্বর ২০১৭	কবি সুফিয়া কামাল মিলনায়তনে জাপানী চিত্রশিল্পী তাদাচি সাকামোতোর আঁকা চিত্রকর্ম ‘ইজুরাবানা’ হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মসিউর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্তিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের যুগ্ম সচিব মো. সাইফুল হাসান বাদল এবং এনপিও ইন্টারন্যাশনাল আর্টিস্ট সাতুইয়ানো-কাই এর আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের পরিচালক শিল্পী মাসাও সেকিয়া।

ক্র. ন.	বাস্তবায়নকাল	অনুষ্ঠানের বিবরণ
৩৪	১৭ নভেম্বর ২০১৭	জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক সন্ধ্যায় একক সংগীত পরিবেশন করেন শিল্পী আতিকুর রহমান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জাদুঘরের কীপার ড. শিহাব শাহরিয়ার। সংগীত সুচনা করেন বিদগ্ধ সংগীতরসিক বিচারপতি আশীষ রঞ্জন দাশ।
৩৫	২০ নভেম্বর ২০১৭	কবি সুফিয়া কামাল মিলনায়তনে সওগাত সম্পাদক মোহাম্মদ নাসিরউদ্দিনের ১২৯তম জন্মবার্ষিকী পালন উপলক্ষে নাসির উদ্দিন স্মরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য লেখক ও সাংবাদিক জনাব রাহাত খান। অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ড. গুলশান আরা ও মামসুজ জাহান নূর। সভাপতিত্ব করেন বিশ্ব শিক্ষক ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. মাহফুজা খানম।
৩৬	২৭ নভেম্বর ২০১৭	কবি সুফিয়া কামাল মিলনায়তনে ভাই গিরিশচন্দ্র সেন: ক্ষণজন্মা পুরুষের পথ চলা শীর্ষক স্মৃতি বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সংস্কৃতিজন ও সাবেক সিনিয়র সচিব জনাব হেদায়েতুল্লাহ আল মামুন। সভাপতিত্ব করেন বিশিষ্ট চিন্তক অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক।
৩৭	৪ ডিসেম্বর ২০১৭	UNESCO বাংলাদেশের সিলেট অঞ্চলের ঐতিহ্য "শীতল পাটি বয়ন শিল্প"-কে বিশ্বের নির্বস্তুক সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্ত করায় বাংলাদেশ জাতীয় জাদুঘর ৪ ডিসেম্বর ২০১৭ নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে 'সিলেটের ঐতিহ্যবাহী শীতলপাটি' নিয়ে বিশেষ প্রদর্শনীর উদ্বোধন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এম.পি.। দেশের বিশিষ্ট লোকশিল্প গবেষক শ্রী চন্দ্রশেখর সাহা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান।
৩৮	১২ ডিসেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাংলা কথাসাহিত্যে মুক্তিযুদ্ধের ইতিহাস শীর্ষক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য কথাসাহিত্যিক ও চিন্তাবিদ অধ্যাপক হাসান আজিজুল হক। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কথাসাহিত্যিক জনাব মঈনুল আহসান সাবের ও জনাব আনিসুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রখ্যাত কথাসাহিত্যিক ইমদাদুল হক মিলন।
৩৯	১৩ ডিসেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর মহান বিজয় দিবস ২০১৭ পালন উপলক্ষে কবি সুফিয়া কামাল মিলনায়তনে মুক্তিযুদ্ধের গান, মুক্তিযুদ্ধের স্মৃতি রোমন্থন ও বিজয়ের কবিতা পাঠের আয়োজন করে। অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের স্মৃতি রোমন্থন করেন একাত্তরের মহান মুক্তিযুদ্ধের অন্যতম সেক্টর কমান্ডার মেজর রফিকুল ইসলাম (অব:) বীরউত্তম, এম.পি.। মুক্তিযুদ্ধের গান করেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী শাহীন সামাদ এবং বিজয়ের কবিতা পাঠ করেন দেশের বিশিষ্ট কবিবৃন্দ।
৪০	১৯ ডিসেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর ও ট্যাপেস্ট্রি এন্ড পেইন্টিং স্টুডিও এর যৌথ উদ্যোগে বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে বয়নচিত্র প্রদর্শনী ও কর্মশালা উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট চিত্র সমালোচক ও লেখক অধ্যাপক নজরুল ইসলাম। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ এর চারুকলা অনুষদের অধ্যাপক শিল্পী আলাউদ্দিন আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী।
৪১	২২ ডিসেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং শুদ্ধ সংগীত ও প্রমিত বাংলা গান চর্চার সংগঠন রক্তকরবী যৌথভাবে জাদুঘরের প্রধান মিলনায়তনে রবীন্দ্রনাথ ঠাকুরের গান, গদ্য ও কবিতার সমন্বয়ে 'বেড়ে ওঠার অবলম্বন' শীর্ষক বিশেষ সংগীতানুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তৃতা করেন বিশিষ্ট গবেষক ও সাহিত্যিক ড. গোলাম মুরশিদ। স্বাগত ভাষণ দেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের শিক্ষা বিভাগের কীপার ড. শিহাব শাহরিয়ার। অনুষ্ঠান গ্রন্থনা করেন কবি ও প্রাবন্ধিক আবুল মোমেন এবং সংগীত পরিচালনা করেন শিল্পী শীলা মোমেন।
৪২	২৩ ডিসেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে উপমহাদেশের অন্যতম বিজ্ঞানী স্যার জগদীশচন্দ্র বসু'র উপর একটি আলোচনা সভার আয়োজন করে। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য পদার্থ বিজ্ঞানী অধ্যাপক ড. অজয় রায়। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইনডেপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ-এর সহযোগী অধ্যাপক ও কথা সাহিত্যিক ড. আহমাদ মোস্তফা কামাল এবং সরকারি হরগঙ্গা কলেজের সহকারি অধ্যাপক মো. সফিকুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ সরকারি কর্ম-কমিশনের অন্যতম সদস্য ও বিশিষ্ট লেখক-গবেষক শ্রী সমর চন্দ্র পাল।
৪৩	২৬ ডিসেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে মসলিন পুনরুজ্জীবন: সমস্যা ও সম্ভাবনা শীর্ষক সেমিনারের আয়োজন করে। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন দৃক পিকচার লাইব্রেরি (বেঙ্গাল মসলিন) লিমিটেডের নির্বাহী পরিচালক জনাব সাইফুল ইসলাম। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট লোকশিল্প গবেষক শ্রী চন্দ্রশেখর সাহা, হস্তশিল্প গবেষক ও লেখক রুবী গজনবী এবং তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক ড. মো: ফরিদ উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ তাঁত বোর্ড এর সম্মানিত সদস্য জনাব মোঃ মিজানুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের চেয়ারম্যান জনাব মুশতাক হাসান মুহ: ইফতিখার। সভাপতিত্ব করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. লুৎফুর রহমান।

ক্র. ন.	বাস্তবায়নকাল	অনুষ্ঠানের বিবরণ
৪৪	২৭ ডিসেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাংলা সাহিত্যের প্রথিতযশা কবি ও নারী জাগরণের পুরোধা ব্যক্তিত্ব কবি সুফিয়া কামাল-এর স্মরণ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়েশা খানম, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি গোলাম কুদ্দুছ এবং বিশিষ্ট সাংবাদিক দিল মনোয়ারা মনু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সদস্য অধ্যাপক সোনিয়া নিশাত আমিন।
৪৫	২৯ ডিসেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে কবি সুফিয়া কামাল মিলনায়তনে কথা ও সুরের আমন্ত্রণে গান ও কবিতার যুগলবন্দি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কবিতা আবৃত্তি করেন বিশিষ্ট আবৃত্তিকার ড. শাহাদাৎ হোসেন নিপু এবং সংগীত পরিবেশন করেন বিশিষ্ট শিল্পী অনিমা রায় ।
৪৬	৩০ ডিসেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর বাংলা গানের কিংবদন্তী গায়ক আব্দুল আলীম এর স্মরণে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কবি-গীতিকবি মোহাম্মদ রফিকুজ্জামান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক ইত্তেফাকের ভারপ্রাপ্ত সম্পাদক তাসমিমা হোসেন এবং শিল্পীপুত্র ও লোকশিল্পী আজগর আলীম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট লেখক ও মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি জনাব মফিদুল হক।
৪৭	৩১ ডিসেম্বর ২০১৭	বাংলাদেশ জাতীয় জাদুঘর ও রবীন্দ্র একাডেমি যৌথভাবে বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে আয়োজন করা হয় একটি ভিন্নধর্মী অনুষ্ঠান 'শতকণ্ঠে রণাঙ্গনে রবীন্দ্রনাথের গান'। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এমপি, মাননীয় তথ্যমন্ত্রী জনাব হাসানুল হক ইনু এমপি, মাননীয় সংস্কৃতিমন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি এবং মাননীয় ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী জনাব তারানা হালিম।
৪৮	২ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাংলাদেশের খ্যাতিমান নজরুল সংগীতশিল্পী রাহাত আরা গীতি'র একক সংগীত সন্ধ্যার আয়োজন করা হয়।
৪৯	৩ জানুয়ারি ২০১৮	কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাংলা সাহিত্য ও সংস্কৃতির অন্যতম সেরা পন্ডিত ও মনীষী ডক্টর আহমদ শরীফ স্মরণে সেমিনারের আয়োজন করে। সেমিনারে ডক্টর আহমদ শরীফ: মনীষা শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সাবেক অধ্যাপক ও বিশিষ্ট লেখক অধ্যাপক আহমদ কবির। অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস, বাংলাদেশের অধ্যাপক সলিমুল্লাহ খান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক নেহাল করিম। সঞ্চালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক রোবায়েত ফেরদৌস। সভাপতিত্ব করেন বিশিষ্ট লেখক ও চিন্তক অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক।
৫০	৫ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তন লবিতে আলোকচিত্র সাংবাদিক বায়েজীদ আকতারের সপ্তম আলোকচিত্র প্রদর্শনী আয়োজন করা হয় । (Rohingya: the stateless refugees in Bangladesh) শীর্ষক আলোকচিত্র প্রদর্শনীটি প্রখ্যাত ইতিহাসবিদ ড. সৈয়দ আনোয়ার হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের তথ্য ও গবেষণা সম্পাদক এডভোকেট আফজাল হোসেন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক রোবায়েত ফেরদৌস। অনুষ্ঠানে স্বাগত ভাষণদেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের শিক্ষা বিভাগের কীপার ড. শিহাব শাহরিয়ার এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের শিক্ষা অফিসার জনাব সাইদ সামসুল করীম ।
৫১	০৫ জানুয়ারি থেকে ৩১ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘর ০৫ জানুয়ারি থেকে ৩১ জানুয়ারি ২০১৮ পর্যন্ত কীর্তিমান চিত্রশিল্পী হাশেম খান-এর 'জোড়াতালির চালচিত্র' শীর্ষক বিশেষ প্রদর্শনীর আয়োজন করে । ০৫ জানুয়ারি ২০১৮, শুক্রবার বিকাল ৫টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে প্রদর্শনীর উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব তোফায়েল আহমেদ এম.পি. ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এম.পি.। আরো উপস্থিত ছিলেন অধ্যাপক শামসুজ্জামান খান, শিল্পী রফিকুন নবী এবং বঙ্গবন্ধু অধ্যাপক মুনতাসীর মামুন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যাপক বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর। অনুষ্ঠানে স্বাগত ভাষণ প্রদান করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী এবং অনুষ্ঠানের সঞ্চালনা করেন বিখ্যাত অভিনেতা আফজাল হোসেন।
৫২	১০ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে প্রথাবিরোধী কবি ও লেখক অধ্যাপক হুমায়ুন আজাদ স্মরণে সেমিনারের আয়োজন করে। সেমিনারে হুমায়ুন আজাদ এবং বাঙালির প্রগতি মনস্কতার প্রতিকৃতি শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন কবি চঞ্চল আশরাফ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব এইচ টি ইমাম। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন লেখক কন্যা মৌলি আজাদ, কবি মারুফুল ইসলাম, কবি তুষার দাশ ও প্রকাশক জনাব ওসমান গনি। সভাপতিত্ব করেন বিশিষ্ট কবি স্থপতি রবিউল হুসাইন।
৫৩	১৪ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাংলা সাহিত্যের শক্তিমান লেখক ও গবেষক আবদুল মান্নান সৈয়দ এর স্মরণ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে মূল বক্তব্য প্রদান করেন লেখক ও সম্পাদক আবুল হাসনাত। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কবি হাবীবুল্লাহ সিরাজী। সভাপতিত্ব করেন বিশিষ্ট কবি আসাদ চৌধুরী ।

ক্র. ন.	বাস্তবায়নকাল	অনুষ্ঠানের বিবরণ
৫৪	২১ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে কবি সুফিয়া কামাল মিলনায়তনে বিশিষ্ট সংগীত শিল্পী রেবেকা সুলতানা-এর একক সংগীতসন্ধ্যার আয়োজন করা হয় ।
৫৫	২২ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে কবি সুফিয়া কামাল মিলনায়তনে বিশিষ্ট লোক সংগীত শিল্পী রথীন্দ্রনাথ রায়-এর একক সংগীতসন্ধ্যার আয়োজন করা হয় ।
৫৬	২৬ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বিশিষ্ট লোক সংগীত শিল্পী কালিপদ শীল-এর একক সংগীতসন্ধ্যার আয়োজন করা হয় ।
৫৭	২৭ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে ১৯৭১ সালের ১০ এপ্রিল গঠিত বাংলাদেশের প্রথম সরকার গঠন ও কার্যক্রম নিয়ে একটি সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব এইচ টি ইমাম। সভাপতিত্ব করবেন ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস, বাংলাদেশের অধ্যাপক সলিমুল্লাহ খান।
৫৮	২৭ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী কক্ষে কীর্তিমান চিত্রশিল্পী হাশেম খান -এর ২৭ দিনব্যাপী ‘জোড়াতালির চালচিত্র’ শীর্ষক বিশেষ প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠানের আয়োজন করে। সমাপনী অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি। এস.পি.বি.এ ও মাছরাঙা টেলিভিশনের এমডি জনাব অঞ্জন চৌধুরী, একাত্তরের ঘাতক দালাল নির্মুল কমিটির সভাপতি জনাব শাহরিয়ার কবির, প্রখ্যাত শিল্প সমালোচক স্থপতি রবিউল হুসাইন এবং অধ্যাপক ও শিল্পী রোকেয়া সুলতানা। স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী। সভাপতিত্ব করেন বিশিষ্ট ইতিহাসবিদ ও বঙ্গবন্ধু অধ্যাপক মুনতাসীর মামুন। সূচনা সংগীত পরিবেশন করেন শিল্পী তপন মাহমুদ, শিল্পী পীযুষ বড়ুয়া ও শিল্পী কনক খান।
৫৯	২৯ জানুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘর ও Philanthropist Nawab Fayzunessa trust এর যৌথ উদ্যোগে বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাকক্ষে ব্রিটিশ শাসনামলের প্রথম মুসলিম মহিলা নবাব, দানশীল ও বাঙালি সমাজের আলোকবর্তিকা নবাব ফয়জুন্নেছার উপরে একটি সেমিনার আয়োজন করা হয়। এতে প্রামাণ্যচিত্র ও প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট সাংবাদিক সুপন রায়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারে মাননীয় অর্থমন্ত্রী জানাব আবুল মাল আবদুল মুহিত এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রাস্টের চেয়ারম্যান জনাব তাজুল ইসলাম এমপি। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়েশা খানম, ইতিহাসবিদ সোনিয়া নিশাত আমিন । সঞ্চালনা করেন বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা শামীম আখতার।
৬০	১৬ ফেব্রুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাউল শিল্পী টুনটুন বাউল-এর একক সংগীতসন্ধ্যার আয়োজন করা হয় ।
৬১	২১ ফেব্রুয়ারি বুধবার	মহান একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে কবি সুফিয়া কামাল মিলনায়তনে একুশের বিশেষ কবিতাপাঠ ও আবৃত্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে দেশের বিশিষ্ট কবি ও বাচিক শিল্পী কবি আসাদ চৌধুরী, কবি রবিউল হুসাইন,কবি হাবীবুল্লাহ সিরাজী, কবি মুহম্মদ নূরুল হুদা, কবি হায়াৎ সাইফ, কবি রুবি রহমান, কবি কাজী রোজী, কবি মাকিদ হায়দার, কবি মুহম্মদ সামাদ, কবি কামাল চৌধুরী, কবি মুহম্মদ সাদিক, কবি মাহমুদ কামাল, কবি আসাদ মান্নান, কবি আসলাম সানি, কবি তারিক সুজাত, ভাস্বর বন্দোপাধ্যায়, রূপা চক্রবর্তী, হাসান আরিফ, শাহাদাৎ হোসেন নিপু এবং মেহেদী হাসান ।
৬২	২৩ ফেব্রুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বিশিষ্ট শিক্ষাবিদ ও লেখক অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী'র ৯০তম জন্মদিন উদযাপন উপলক্ষে একটি আলোচনা সভার আয়োজন করে। আলোচনায় অংশগ্রহণ করেন অধ্যাপক নিয়াজ জামান, জনাব এ কিউ সিদ্দিকী, কবি হায়াৎ সাইফ, অধ্যাপক শাহীন কবির এবং অধ্যাপক ফখরুল আলম। সভাপতিত্ব করেন বিশিষ্ট কবি আসাদ চৌধুরী।
৬৩	২৩ ফেব্রুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে কবি সুফিয়া কামাল মিলনায়তনে শিল্পী জোসেফ কমল রডিক্স-এর একক সংগীতসন্ধ্যার আয়োজন করা হয় ।
৬৪	২৬ ফেব্রুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'বলধা গার্ডেন ও নরেন্দ্র নারায়ণ রায় চৌধুরী' শীর্ষক সেমিনারের আয়োজন করে । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ ও বন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ এম.পি। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট গবেষক ও লেখক ড. মোহাম্মদ আলী খান। আলোচক হিসেবে উপস্থিত থাকেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মিহির লাল সাহা এবং বিশিষ্ট পানি ও নদী বিশেষজ্ঞ ড. আইনুন নিশাত। সভাপতিত্ব করেন অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন।
৬৫	২৬ ফেব্রুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে কবি সুফিয়া কামাল মিলনায়তনে ভাওয়াইয়া সংগীত শিল্পী সেলিনা আক্তার লিপি-এর একক সংগীতসন্ধ্যার আয়োজন করা হয় ।
৬৬	২৬ ফেব্রুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরে Traditional Jamdani Design শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি।

ক্র. ন.	বাস্তবায়নকাল	অনুষ্ঠানের বিবরণ
৬৭	২৭ ফেব্রুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরে ২১ ফেব্রুয়ারি ১৯৫২; ছাত্র হত্যাকান্ড এলিস কমিশন রিপোর্ট বইটির মোড়ক উন্মোচন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এমপি।
৬৮	২৭ ফেব্রুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘর ২৭ ফেব্রুয়ারি ২০১৮, মঙ্গলবার বিকাল ৩টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'কাঙ্গাল হরিনাথ: গ্রামীণ বাংলার রনেসাঁ পুরুষ' শীর্ষক সেমিনারের আয়োজন করে । সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সংস্কৃতিজন ও সাংবাদিক জনাব কামাল লোহানী। মূলবক্তা হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও গবেষক ড. আবুল আহসান চৌধুরী। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সাংবাদিক জনাব নজরুল কবির ও বিশিষ্ট লেখক জনাব আল ইমাম। সভাপতিত্ব করেন বাংলা একাডেমির মহাপরিচালক ও প্রখ্যাত ফোকলোরবিদ অধ্যাপক শামসুজ্জামান খান।
৬৯	২৮ ফেব্রুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে কবি জীবনানন্দ দাশের ১১৯তম জন্মদিন উপলক্ষে কবিতার কালপুরুষ জীবনানন্দ দাস গ্রন্থের পাঠ-উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কবি কামাল চৌধুরী। আলোচনায় অংশগ্রহণ করেন অধ্যাপক সলিমুল্লাহ খান এবং অধ্যাপক মানস চৌধুরী। অনুষ্ঠান আয়োজনে জাদুঘরের পক্ষ থেকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়।
৭০	২৮ ফেব্রুয়ারি ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘর কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'বহ্নিশিখা'র পরিবেশনায় 'ভাষার গান, দেশের গান' শীর্ষক সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সংগীত পরিচালনার দায়িত্বে ছিলেন আবিদা রহমান সেতু। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন বহ্নিশিখার সভাপতি ও সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি জনাব গোলাম কুদ্দুছ। সভাপতিত্ব করেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সৈয়দ হাসান ইমাম।
৭১	৩ মার্চ ২০১৮	কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'Arabian Night: The Cultural Palimpsest of Abanindranath Tagore' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন। সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক পারভীন হাসান এবং বিশিষ্ট শিল্প সমালোচক জনাব মোস্তফা জামান। সভাপতিত্ব করেন বাংলা একাডেমির মহাপরিচালক জনাব শামসুজ্জামান খান।
৭২	৪ মার্চ ২০১৮	০৪ মার্চ ২০১৮, রোববার বিকাল ৩টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'নবাব স্যার সলিমুল্লাহ: জীবন ও কর্ম' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কবি আসাদ চৌধুরী। সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন বিশিষ্ট প্রাবন্ধিক সৈয়দ আবুল মকসুদ। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সাবেক কীপার ও গবেষক ড. মো. আলমগীর এবং বিশিষ্ট গবেষক জনাব অনুপম হায়াত। সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক মন্ত্রীপরিষদ সচিব জনাব আলী ইমাম মজুমদার।
৭৩	৭ মার্চ ২০১৮	৭ মার্চ ২০১৮ বুধবার বিকাল ৩টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ: ঐতিহাসিক প্রেক্ষাপট ও তাৎপর্য' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট ইতিহাসবিদ অধ্যাপক মেসবাহ কামাল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব হাসানুল হক ইনু এমপি। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট ইতিহাসবিদ অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন এবং বিশিষ্ট কবি কামাল চৌধুরী।
৭৪	৯ মার্চ ২০১৮,	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে দেশের বিশিষ্ট রবীন্দ্রসংগীত শিল্পী সালমা আকবর-এর একক সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের সূচনা করেন বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীত শিল্পী তপন মাহমুদ। স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মো. শওকত নবী।
৭৫	১৪ মার্চ ২০১৮	কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'পল্লীকবি জসীম উদ্‌দীন: জীবন ও সাহিত্যকর্ম' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর। সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কবি পুত্র জনাব খুরশীদ আনোয়ার জসীম উদ্‌দীন এবং বিশিষ্ট কবি হাবিবুল্লাহ সিরাজী। সেমিনারে সভাপতিত্ব করেন ইমেরিটাস অধ্যাপক রফিকুল ইসলাম।
৭৬	১৭ মার্চ ২০১৮	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৮ পালন উপলক্ষে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা পাঠের আয়োজন করা হয়। অনুষ্ঠানে দেশের বিশিষ্ট ২০ জন কবি স্বরচিত কবিতা পাঠ করেন।
৭৭	২০ মার্চ ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে কবি সুফিয়া কামাল মিলনায়তনে সহজিয়া লোকসাংস্কৃতিক দল পরিবেশিত 'অচেনারে চেনা' শীর্ষক লোকগানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে সূচনা বক্তব্য দেন কবি অসীম সাহা।
৭৮	২০ মার্চ ২০১৮	স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্যাপনের অংশ হিসেবে বাংলাদেশ জাতীয় জাদুঘর জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে ২০ মার্চ ২০১৮ থেকে ২৭ মার্চ ২০১৮ পর্যন্ত ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনীর গণহত্যা ও মহান মুক্তিযুদ্ধের আলোকচিত্র ও স্মৃতি-স্মারক প্রদর্শনীর আয়োজন করা হয়। জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে এ প্রদর্শনীর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রদর্শনীর উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মসিউর রহমান। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি জনাব গোলাম কুদ্দুছ। সভাপতিত্ব করেন মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি ও বিশিষ্ট লেখক জনাব মফিদুল হক।

ক্র. ন.	বাস্তবায়নকাল	অনুষ্ঠানের বিবরণ
৭৯	২৩ মার্চ ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে কবি সুফিয়া কামাল মিলনায়তনে একক সংগীতসন্ধ্যার আয়োজন করা হয় । অনুষ্ঠানে সংগীত পরিবেশন করবেন বিশিষ্ট সংগীতশিল্পী পিনু সাত্তার।
৮০	২৫ মার্চ ২০১৮	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের অংশ হিসেবে কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'মুক্তিযুদ্ধের গল্প' অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব হোসেন তাওফিক ইমাম। সভাপতিত্ব করেন ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের অধ্যাপক ড. সলিমুল্লাহ খান।
৮১	২৬ মার্চ ২০১৮	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উপলক্ষে কবি সুফিয়া কামাল মিলনায়তনে মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার কবিতা আবৃত্তি অনুষ্ঠানের আয়োজন করা হয় । এতে দেশের প্রবীণ ও নবীন ২৩ জন বাচিক শিল্পী অংশগ্রহণ করেন।
৮২	২৮ মার্চ ২০১৮	কবি সুফিয়া কামাল মিলনায়তনে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন স্থপতি ফজলুর রহমান খান: জীবন ও কীর্তি শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন নগরবিদ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাবেক সভাপতি অধ্যাপক নজরুল ইসলাম। এতে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের চেয়ারপার্সন অধ্রাপক আদনান মোর্শেদ এবং ভিত্তি স্থপতি বৃন্দ লিমিটেডের পরিচালক স্থপতি ইকবাল হাবিব।
৮৩	৩০ মার্চ ২০১৮	জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার গান ও কবিতার যুগলবন্দি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী শাহীন সামাদ এবং আবৃত্তি করেন বাচিক শিল্পী বেলায়েত হোসেন।
৮৪	৩ এপ্রিল ২০১৮	কবি সুফিয়া কামাল মিলনায়তনে প্রখ্যাত ইতিহাসবিদ স্যার যদুনাথ সরকার: জীবন ও কর্ম শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. গওহর রিজভী। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. এ.কে.এম. শাহনাওয়াজ ও ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ-এর জেনারেল এডুকেশন বিভাগের অধ্যাপক ড. শাহনাজ হুসনে জাহান। সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মো. নাসির উদ্দিন আহমেদ।
৮৫	১০ এপ্রিল ২০১৮	খ্যাতিমান আলোকচিত্রশিল্পী নাসির আলী মামুন-এর ফটোজিয়াম শীর্ষক ২৪ দিনব্যাপী একক পোর্ট্রেট আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে প্রদর্শনীটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক প্রথম আলোর সম্পাদক জনাব মতিউর রহমান এবং বেঙ্গল ফাউন্ডেশনের চেয়ারম্যান জনাব আবুল খায়ের। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী এবং প্রদর্শনীর উদ্বোধন করেন ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান।
৮৬	১৩ এপ্রিল ২০১৮	বাংলা নতুর বছর ১৪২৫-কে আহ্বান এবং পুরতন বছর ১৪২৪-কে বিদায় জানাতে কবি সুফিয়া কামাল মিলনায়তনে দেশের বিশিষ্ট রবীন্দ্রসংগীত শিল্পী শামা রহমান-এর একক সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনিুষ্ঠানটি উদ্বোধন করেন জননন্দিত কথাসাহিত্যিক ইমদাদুল হক মিলন।
৮৭	৫ মে ২০১৮	আধুনিক সভ্যতার প্রভাবশালী সমাজ বিজ্ঞানীর কার্ল মার্ক্স এর ২০০তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘর কবি সুফিয়া কামাল মিলনায়তনে ‘ইতিহাসবেত্তা কার্ল মার্কস’ শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব রাশেদ খান মেনন এমপি। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের অধ্যাপক ড. সলিমুল্লাহ খান।
৮৮	৭ মে ২০১৮	কবি সুফিয়া কামাল মিলনায়তনে জাদুঘর কর্তৃক প্রকাশিত ও ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ-এর অধ্যাপক সেলিমা চৌধুরী রচিত Women in Bangladesh Liberation War Rediscovered in Madonna Series of Rokeya Sultana শীর্ষক গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। গ্রন্থের ওপর আলোচনা করেন শিল্পী মোস্তফা জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দেশের বিশিষ্ট চিত্রশিল্পী সৈয়দ জাহাঙ্গীর ।
৮৯	৭ মে ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং ‘বিজ্ঞান চিন্তা’ যৌথভাবে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ উপলক্ষ্যে জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে ‘স্যাটেলাইট যুগে বাংলাদেশ’ শীর্ষক সেমিনারের আয়োজন করে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। স্বাগত বক্তব্য প্রদান করেন প্রথম আলোর সহযোগী সম্পাদক ও বিজ্ঞান চিন্তার সম্পাদক জনাব আবদুল কাইয়ুম। মূল প্রবন্ধ উপস্থাপন করবেন ব্রাক বিশ্ববিদ্যালয়ের কম্পিউটারসাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক মো: খলিলুর রহমান। আলোচনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক সুব্রত কুমার আদিত্য। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী।

৯০	১৮ মে ২০১৮	১৮ মে আন্তর্জাতিক জাদুঘর দিবস। জাদুঘরসমূহের আন্তর্জাতিক প্রতিষ্ঠান International Council of Museums (ICOM) দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে প্রতি বছর একটি করে প্রতিপাদ্য বিষয় নির্বাচন করে। এ বছরের প্রতিপাদ্য বিষয় 'Hyperconnected Museums: New Approaches, New Publics' বা 'বহুধা সংযুক্ত জাদুঘর: নতুন প্রয়াস, নতুন প্রজন্ম'। এই ধারণাকে উপজীব্য করে বাংলাদেশ জাতীয় জাদুঘর কবি সুফিয়া কামাল মিলনায়তনে শিকড় সন্ধানী গবেষক: ড. নলিনীকান্ত ভট্টশালী শীর্ষক সেমিনারের আয়োজন করে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব হাসানুল হক ইনু এম.পি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট ইতিহাসবিদ অধ্যাপক ড. আবদুল মোমিন চৌধুরী এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের সাবেক মহাপরিচালক ড. এনামুল হক। সেমিনারে সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু অধ্যাপক ড. মুনতাসীর মামুন। শিকড় সন্ধানী গবেষক: ড. নলিনীকান্ত ভট্টশালী উপর তথ্যচিত্র নির্মাণ ও প্রদর্শন করেন এবং ভট্টশালীর জীব ও কর্ম নিয়ে আলোচনা করেন বিশিষ্ট লেখক ও গবেষক জনাব আলী ইমাম।
৯১	২৭ মে ২০১৮	কবি সুফিয়া কামাল মিলনায়তনে অধ্যাপক ও গবেষক মোহাম্মদ ইউসুফ সিদ্দিক রচিত 'Arabic and Persian Inscriptions in the Bangladesh National Museum' শীর্ষক বর্ণনামূলক নিদর্শনতালিকার (Descriptive Catalogue) প্রকাশনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রকাশনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সাবেক মহাপরিচালক ও ICSBA- এর চেয়ারম্যান ড. এনামুল হক। আলোচক হিসেবে ছিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শরীফ উদ্দিন আহমেদ এবং ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক জনাব সামীম মোহাম্মদ আফজাল।
৯২	৯ জুন ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরে নতুনভাবে সজ্জিত বাদ্যযন্ত্র গ্যালারি উদ্বোধন করা হয় । এ উপলক্ষে কবি সুফিয়া কামাল মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী নতুনভাবে সজ্জিত গ্যালারিটি উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের কীপার ড. স্বপন কুমার বিশ্বাস, জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের কীপার জনাব নূরে নাসরীন, সংরক্ষণ রসায়নাগার বিভাগের সংরক্ষণ রসায়নবিদ জনাব মোঃ আকছারুজ্জামান নূরী, সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের উপ-কীপার জনাব শক্তিপদ হালদার । সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মোঃ শওকত নবী।
৯৩	১০ জুন ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংগ্রহকে সমৃদ্ধ করার লক্ষ্যে দৃক (বেঙ্গল মসলিন) একটি ৫০০ কাউন্টের চিক্কন সুতার মসলিন খন্ড সংগ্রহ করে। কবি সুফিয়া কামাল মিলনায়তনে দৃক বেঙ্গল মসলিনের গবেষক জনাব সাইফুল ইসলাম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এম.পি. মহোদয়কে মসলিন খন্ডটি প্রদান করেন।
৯৪	২৫ জুন ২০১৮	বাংলাদেশ জাতীয় জাদুঘরের উদ্যোগে ও অবিন্তা গ্যালারি অব ফাইন আর্টস- এর সহযোগিতায় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে 'সাহসী ভাস্কর্যের ভুবন' শীর্ষক ভাস্কর শিল্পী আইভি জামানের চতুর্থ একক ভাস্কর্য ও পেইন্টিং প্রদর্শনীর আয়োজন করা হয় । প্রদর্শনীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রখ্যাত শিক্ষাবিদ ও শিল্প সমালোচক অধ্যাপক ড. বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর, বিশিষ্ট কার্টুনিস্ট ও চিত্রশিল্পী অধ্যাপক রফিকুন নবী, প্রখ্যাত নগরবিদ অধ্যাপক নজরুল ইসলাম এবং বিশিষ্ট চিত্রশিল্পী সমরজিৎ রায় চৌধুরী। সম্মানীত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট ভাস্কর হামিদুজ্জামান খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

(৬) **ওসমানী জাদুঘর, সিলেট :**

(ক) মহান স্বাধীনতা দিবস ২০১৮ উপলক্ষে বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।
(খ) শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।
(গ) জাতীয় শোক দিবস ২০১৭ উপলক্ষে বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।
(ঘ) মহান বিজয় দিবস ২০১৭ উপলক্ষে বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।
(ঙ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম দিন ও জাতীয় শিশু দিবস ২০১৮ উপলক্ষে বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।
(চ) বাংলা নববর্ষ/১৪২৫ উদযাপন উপলক্ষে ১৪/০৪/২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

(৭) **জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম :**

১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস/২০১৭ উপলক্ষে ১৫ আগস্ট, ২০১৭ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।
২. ঈদ-উল-আযহা, ২০১৭ উদযাপন উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য ঈদের দিন বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।
৩. ঈদ-উল-ফিতর, ২০১৮ উদযাপন উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য ঈদের দিন বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।
৪. মহান বিজয় দিবস/২০১৭ উদযাপন উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখে বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

৫. শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮২তম জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া ও মিলাদ-মাহফিলের আয়োজন করা হয়েছে।

৬. অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০১৮ উদযাপন উপলক্ষে ২১/০২/২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

৭. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস/২০১৮ উপলক্ষে ১৭ মার্চ, ২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

৮. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০১৮ উপলক্ষে ২৬/০৩/২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

৯. বাংলা নববর্ষ/১৪২৫ উদযাপন উপলক্ষে ১৪/০৪/২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয়।

১০. শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৩৭ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া ও মিলাদ-মাহফিলের আয়োজন করা হয়েছে।

১১. কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে ২৬/০১/২০১৮ তারিখে জিয়া স্মৃতি জাদুঘরের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান/২০১৮ এর আয়োজন করা হয়।

(৮) **শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ :**

ক. যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদাৎ বার্ষিকী/২০১৭ পালন, মহান বিজয় দিবস/২০১৭ উদযাপন, শিল্পাচার্য জয়নুল আবেদিনের জন্মশতবার্ষিকী/২০১৭ উদযাপন, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০১৮ উদযাপন, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০১৮ উদযাপন ও শিল্পাচার্য জয়নুল আবেদিনের ৪২তম মৃত্যুবার্ষিকী/২০১৮ পালন করা হয়েছে। এতে শিশুদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

খ. শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালায় সর্বমোট ৬১৭৭৬ জন দর্শনার্থী সংগ্রহশালার গ্যালারি দর্শন করেন। এর মধ্যে ২৯১২২ জন টিকিটের মাধ্যমে এবং ২০০৩৭ জন বিনা টিকিটে অনুমতিক্রমে দর্শন করেন। বিভিন্ন অনুষ্ঠান ও বিশেষ দিবসে ১২৬১৭ জন গ্যালারি দর্শন করেন। টিকিট বিক্রয়ের ৫,৬১,৩১৫ টাকা (পাঁচ লক্ষ একষট্টি হাজার তিনশত পনেরো টাকা) সংগ্রহশালার জেনারেল ফান্ডে জমা প্রদান করা হয়েছে।

গ. জয়নুল শিশু চারুপীঠের বার্ষিক চিত্রকর্ম প্রদর্শনী/২০১৭, জয়নুল শিশু চারুপীঠের বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান, ও বনভোজন এবং পহেলা বৈশাখ বাংলা নববর্ষ ১৪২৫ উদযাপন পালন করা হয়েছে। এতে শিশুদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

(০৯) **আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা :**

১. প্রাসাদ ভবনে গ্যালারি ও শোকেসে প্রদর্শিত নিদর্শন পুনর্বিন্যাস এবং লেবেল ও লাইটিং উন্নয়ন করা হয়েছে।

২. প্রদর্শিত বেশ কয়েকটি নিদর্শনাদির রাসায়নিক সংরক্ষণ এবং তৈলচিত্রে প্রয়োজনীয় রিটাচকরণ করা হয়েছে ।

৩. জাদুঘরের বিভিন্ন স্থানে আর্দ্রতা ও তাপমাত্রা থার্মো-হাইগ্রোমিটার যন্ত্রের সাহায্যে নিয়মিত রেকর্ড করা হয় ।

৪. আহসান মঞ্জিলের অন্দর মহলের গ্যালারি সজ্জিতকরণের জন্য বাছাইকৃত নিদর্শন রাসায়নিক সংরক্ষণের কাজ করা হয়েছে।

৫. মহান বিজয় দিবস-২০১৭ উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৬. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উপলক্ষে আহসান মঞ্জিল জাদুঘরে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৭. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস/২০১৮ উপলক্ষে ১৭ মার্চ, ২০১৮ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় ও শিক্ষার্থীদের রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৮. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস/২০১৭ উপলক্ষে ১৫ আগস্ট, ২০১৭ তারিখে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়। ।

৯. শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের সুন্দর বাংলা হাতের লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

১০. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উপলক্ষে শিশু, শিক্ষার্থী ও বিশেষ শিশুদের জন্য বিনা টিকেটে জাদুঘর খোলা রাখা হয় এবং শিশু-কিশোরদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

(১০) **স্বাধীনতা জাদুঘর, সোহরাওয়ার্দী উদ্যান, ঢাকা :**

ঢাকা শহরের প্রাণ কেন্দ্রে অবস্থিত সোহরাওয়ার্দী উদ্যান ইতিহাসের অনেক ঐতিহাসিক ঘটনার সাক্ষী। বাঙালির স্বাধীকার আন্দোলনের ঐতিহাসিক বিবর্তনের ধারায় ১৯৭১ সালের ৭ই মার্চ এই প্রান্তরে দাঁড়িয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষণা করেছিলেন স্বাধীনতা অর্জনের দৃঢ় প্রত্যয়। লাখো শহীদদের আত্মদানের বিনিময়ে বাঙালির মুক্তিযুদ্ধের বিজয় দলিল একাত্তরের ১৬ ডিসেম্বর এই প্রান্তরেই স্বাক্ষরিত হয়েছিল। স্বাধীনতার ডাক ও স্বাধীনতা বাস্তব প্রতিষ্ঠা একই প্রান্তরে হওয়ায় এই উদ্যান স্বাধীনতা পীঠস্থান হিসেবে নন্দিত হবে যুগের পর যুগ। স্বাধীনতার এই ঐতিহ্য চেতনাকে চিরন্তনভাবে লালন করার প্রয়াসেই সোহরাওয়ার্দী উদ্যানে ভূ-গর্ভে স্থাপিত হয় 'স্বাধীনতা জাদুঘর' বা Museum of Independence. স্বাধীনতা জাদুঘরে আগত ঢাকা শহরের আশে পাশের ৩১ (একত্রিশ)টি শিক্ষা প্রতিষ্ঠানের সর্বমোট ২,১৬৬ (দুই হাজার একশত ছিষট্টি) জন ছাত্র-ছাত্রী স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

১. পবিত্র ঈদ-উল-আযহা ২০১৭ উপলক্ষে ১৪/০৯/২০১৬ থেকে ১৬/০৯/২০১৬ তারিখ পর্যন্ত শিশু-কিশোরদের বিনোদনের জন্য স্বাধীনতা জাদুঘরের মিলনায়তনে বিনা টিকিটে ২(দুই) টি চলচ্চিত্র প্রদর্শন করা হয়। চলচ্চিত্র গুলো হলো: (১) লিলি পুটরা বড় হবে ও (২) আমি ও আইসক্রিম'অলা।

২. পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৮ উপলক্ষে স্বাধীনতা জাদুঘরের মিলনায়তনে ঈদের পরের দুই দিন ০৫ (পাঁচ)টি শিশুতোষ চলচ্চিত্র (ক. নয় নম্বর বিপদ সংকেত, খ. Children of Heaven, গ. দীপু নাম্বার টু, ঘ. The Jungle Book এবং ঙ. অমি ও আইসক্রিম চলচ্চিত্র বিনা টিকিটে প্রদর্শন করা হয়।

৩. পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৭ উপলক্ষে শিশু-কিশোরদের বিনোদনের জন্য স্বাধীনতা জাদুঘরের মিলনায়তনে ঈদের পরের দুই দিন ০৩(তিন) টি শিশুতোষ চলচ্চিত্র (1. Monkey King Hero is Back, 2. Monster Hunt, 3. Despicable Me-2) বিনা টিকিটে প্রদর্শন করা হয়।

৪. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭ পালন উপলক্ষে শিশু-কিশোরদের ‘চিত্রাঙ্কন প্রতিযোগিতা’ আয়োজন করা হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ১১০ (একশত দশ) জন শিশু-কিশোর অংশগ্রহণ করেন।

৫. মহান বিজয় দিবস ২০১৭ পালন উপলক্ষে শিশু-কিশোরদের ‘চিত্রাঙ্কন প্রতিযোগিতা’ আয়োজন করা হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ৯৪ (চুরানব্বই) জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

৬. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০১৮ পালন উপলক্ষে শিশু-কিশোরদের ‘চিত্রাঙ্কন প্রতিযোগিতা’ আয়োজন করা হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ১১০ (একশত দশ) জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

৭. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ পালন উপলক্ষে শিশু-কিশোরদের ‘চিত্রাঙ্কন প্রতিযোগিতা’ আয়োজন করা হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ৬০ (ষাট) জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

৮. মহান ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ পালন উপলক্ষে শিশু-কিশোরদের ‘সুন্দর বাংলা হাতের লেখার প্রতিযোগিতা’ আয়োজন করা হয়। সুন্দর বাংলা হাতের লেখার প্রতিযোগিতায় ৩৩০ (তিনশত ত্রিশ) জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

৯. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭ পালন ও মহান ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ পালন উপলক্ষে আগত প্রতিযোগি ও দর্শকদের মাঝে ১,০০০ (এক হাজার) বোতল (মুক্তা) পানি বিতরণ করা হয়।

(১১) (ক) **বিদেশ ভ্রমণ, শিক্ষা ও প্রশিক্ষণ :**

১. বাংলাদেশ জাতীয় জাদুঘরের স্মারক নং ৪৩.২২.২৬৭৫.০০৪.০৩.৯৭৭.২০১৭/১৮৫, তারিখ ০৯/০৭/২০১৭ মোতাবেক ১৬/০৭/২০১৭ হতে ১৯/০৭/২০১৭ তারিখ পর্যন্ত মোট ০৪(চার) দিন ব্রিটিশ পার্লামেন্টে “Terrorism and the rule of Law” শীর্ষক সেমিনারে অংশগ্রহণের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী যুক্তরাজ্য ভ্রমণ করেন।

২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৭.২৪.০০৭.১৫/৫৪০, তারিখ ২১/০৮/২০১৭ মোতাবেক ২৫/০৮/২০১৭ হতে ২৯/০৮/২০১৭ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিন “Participation in the SAARC Regional Conference on Buddhist Cultural Trails” এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মো. শওকত নবী শ্রীলঙ্কা ভ্রমণ করেন।

৩. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০৪৩.১৭/১১৭, তারিখ ৩১/১০/২০১৭ মোতাবেক ০৭/১১/২০১৭ হতে ১০/১১/২০১৭ তারিখ পর্যন্ত মোট ০৪(চার) দিন “Bangladesh Bhaban at Bishwa Bharati University in Shanti Niketan' in West Bengal, Kalkata, India”-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী ভ্রমণ করেন।

৪. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৭৫৯, তারিখ ১৫/১১/২০১৭ মোতাবেক ০৪/১২/২০১৭ হতে ০৯/১২/২০১৭ তারিখ পর্যন্ত মোট ০৬(ছয়) দিন Participation in the“Twelfth Session of the Intergovernmental Committee foe the Safeguarding of the Intangible Cultural Heritage” to be held in Jeju Island, Republic of Korea-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মো. শওকত নবী, ড. শিখা নূর মুনসী, কীপার (প) এবং জনাব আসমা ফেরদৌসি, উপ-কীপার(জ) ভ্রমণ করেন।

৫. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০৪৩.১৭২৯, তারিখ ২৪/০১/২০১৮ মোতাবেক ২৭/০১/২০১৮ তারিখ হতে ভারতের পশ্চিম বাংলার শান্তিনিকেতনে অবস্থিত বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে নবস্থাপিত “বাংলাদেশ ভবন”-এ জাদুঘর সজ্জিতকরণ কাজ সরেজমিনে পরিদর্শনের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মো. শওকত নবী ভারত ভ্রমণ করেন।

৬. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০২৯.১৪(অংশ-১).৫১, তারিখ ০১/০২/২০১৮ মোতাবেক ৪২তম আন্তর্জাতিক কলকাতা পুস্তকমেলা ২০১৮-তে অংশগ্রহণের জন্য ৩১/০১/২০১৮ তারিখ হতে ০৫/০২/২০১৮ তারিখ পর্যন্ত বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব মো. শওকত নবী, ০১/০২/২০১৮ তারিখ হতে ০৪/০২/২০১৮ তারিখ পর্যন্ত শিক্ষা অফিসার, জনাব সাইদ সামসুল করীম, ০৪/০২/২০১৮ তারিখ হতে ০৬/০২/২০১৮ তারিখ পর্যন্ত জনশিক্ষা বিভাগের কীপার ড. শিহাব শাহরিয়ার এবং ০৬/০২/২০১৮ তারিখ হতে ১২/০২/২০১৮ তারিখ পর্যন্ত প্রকাশনা অফিসার জনাব শংকর কুমার সাহা ভারত ভ্রমণ করেন।

৭. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৪.০২৫.৩০.১২-৬৭, তারিখ ১৪/০২/২০১৮ মোতাবেক ২৩/০২/২০১৮ তারিখ হতে ২৫/০২/২০১৮ তারিখ পর্যন্ত ০৩(তিন) দিন ভারতের কোলকাতায় অনুষ্ঠিতব্য INTERCOM (International Committee of Museum Management) এর Annual Conference-এ প্রেরিত প্রবন্ধের সার-সংক্ষেপ পাঠ করাসহ কনফারেন্স শেষে ২৩/০২/২০১৮ তারিখ হতে ২৮/০২/২০১৮ তারিখ পর্যন্ত ০৬(ছয়) দিন বাংলাদেশ জাতীয় জাদুঘরের উপ-কীপার জনাব সেরাজুল ইসলাম ভারত ভ্রমণ করেন।

৮. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৪.০২৫.১০২.১৫-৬৮, তারিখ ১৮/০২/২০১৮ মোতাবেক ২৩/০২/২০১৮ তারিখ হতে ২৫/০২/২০১৮ তারিখ পর্যন্ত ০৩(তিন) দিন ভারতের কোলকাতায় অনুষ্ঠিতব্য INTERCOM (International Committee of Museum Management) এর Annual Conference-এ প্রেরিত প্রবন্ধের সার-সংক্ষেপ পাঠ করাসহ কনফারেন্স শেষে ২৩/০২/২০১৮ তারিখ হতে ২৮/০২/২০১৮ তারিখ পর্যন্ত ০৬(ছয়) দিন বাংলাদেশ জাতীয় জাদুঘরের জাদুঘর ব্যবস্থাপক জনাব গোলাম কাউছার ভারত ভ্রমণ করেন।

৯. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৪.০১১.৫৭.১৪.১১১, তারিখ ১৮/০৩/২০১৮ মোতাবেক ২৫/০৩/২০১৮ তারিখ হতে ৩১/০৩/২০১৮ তারিখ পর্যন্ত International Convention Organized by Korea Foundation to be held in Seoul, the Republic of Korea-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী ভ্রমণ করেন।

১০. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০৪৩.১৭-১০১, তারিখ ১২/০৪/২০১৮ মোতাবেক ১৭/০৪/২০১৮ হতে ২০/০৪/২০১৮ তারিখ পর্যন্ত Monitor the Progress of the Construction of Bangladesh Bhaban' being built at Shanti Niketon West Bengal, India-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী ভারত ভ্রমণ করেন।

১১. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০৪৩.১৭-১০৪, তারিখ ১৫/০৪/২০১৮ মোতাবেক ১৭/০৪/২০১৮ হতে ২০/০৪/২০১৮ তারিখ পর্যন্ত Monitor the Progress of the Construction of Bangladesh Bhaban' being built at Shanti Niketon West Bengal, India-এ স্বাধীনতা জাদুঘরের মিউজিয়াম ম্যানেজার জনাব মো. গোলাম কাউছার ভারত ভ্রমণ করেন।

১২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০৪৩.১৭-১৪২, তারিখ ১৭/০৫/২০১৮ মোতাবেক ১৮/০৫/২০১৮ হতে ২৭/০৫/২০১৮ তারিখ পর্যন্ত Monitor the Progress of the Construction of Bangladesh Bhaban' being built at Shanti Niketon West Bengal, India-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের উপ-কীপার জনাব মোহাম্মদ মনিরুল হক ভারত ভ্রমণ করেন।

১৩. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০৪৩.১৭-১২০, তারিখ ১০/০৫/২০১৮ মোতাবেক ১২/০৫/২০১৮ হতে ২৬/০৫/২০১৮ তারিখ পর্যন্ত Monitor the Progress of the Construction of Bangladesh Bhaban' being built at Shanti Niketon West Bengal, India-এ স্বাধীনতা জাদুঘরের মিউজিয়াম ম্যানেজার জনাব মো. গোলাম কাউছার ভারত ভ্রমণ করেন।

১৪. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০৪৩.১৭-১২০, তারিখ ১০/০৫/২০১৮ মোতাবেক ১২/০৫/২০১৮ হতে ২৬/০৫/২০১৮ তারিখ পর্যন্ত Monitor the Progress of the Construction of Bangladesh Bhaban' being built at Shanti Niketon West Bengal, India-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের ডিসপ্লে অফিসার জনাব নাছির উদ্দিন আহমেদ খান ভারত ভ্রমণ করেন।

১৫. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.২৪.০৪৩.১৭-১৩৬, তারিখ ১৭/০৫/২০১৮ মোতাবেক ১৮/০৫/২০১৮ হতে ২১/০৫/২০১৮ তারিখ পর্যন্ত Monitor the Progress of the Construction of Bangladesh Bhaban' being built at Shanti Niketon West Bengal, India-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী ভারত ভ্রমণ করেন।

১৬. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১০৩.১৫-১৫৫, তারিখ ১৯/০৪/২০১৮ মোতাবেক ১২/০৫/২০১৮ হতে ১৬/০৫/২০১৮ তারিখ পর্যন্ত Participation in the Official visit to collect the later works of Artist Novera Ahmed From Paris, France -এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী ফ্রান্স ভ্রমণ করেন।

(খ) **স্বদেশ ভ্রমণ :**

১. বাংলাদেশ জাতীয় জাদুঘরের স্মারক নং ৪৩.২২.২৬৭৫.০০৮.০০৩.০১.২০১৭/২৪৯, তারিখ ১২/০৭/২০১৭ মোতাবেক ১৫/০৭/২০১৭ হতে ১৭/০৭/২০১৭ তারিখ পর্যন্ত মোট ০৩(তিন) দিন ঠাকুরগাঁও জেলা ট্রেজারিতে রক্ষিত পুরাকীর্তির নিদর্শনসমূহ সংরক্ষণের নিমিত্তে ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের সহকারী কীপার, জনাব মোহাম্মদ মনিরুল হক ও সহকারী কীপার, জনাব দিবাকর সিকদার এবং মাইক্রোফিল্ম কাম-মাইক্রোফিস ফটোগ্রাফার, জনাব মো. আছাদুজ্জামান ঠাকুরগাঁও জেলা ভ্রমণ করেন।

২. বাংলাদেশ জাতীয় জাদুঘরের স্মারক নং ৪৩.২২.২৬৭৫.০০৯.০১.০৮৫.১৮, তারিখ ১৯/০৩/২০১৮ মোতাবেক বাংলাদেশের ঐতিহ্যবাহী নকশিকাঁথার বুনন শিল্পকে ইউনেস্কো বিশ্বের নির্বস্তুক সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্তিকরণ বিষয়ে চাঁপাইনবাবগঞ্জের নকশিকাঁথার ওপর একটি প্রামাণ্য চিত্র তৈরি ও তথ্য উপাত্ত সংগ্রহ করার উদ্দেশ্যে ২০/০৩/২০১৮ থেকে ২৩/০৩/২০১৮ তারিখ পর্যন্ত বাংলাদেশ জাতীয় জাদুঘরের জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের কীপার জনাব নূরে নাসরীন, গবেষক ও লেখক, জনাব আল ইমাম এবং জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের উপ-কীপার জনাব আসমা ফেরদৌসি চাঁপাইনবাবগঞ্জ জেলা ভ্রমণ করেন।

(১৩) **পুষ্পস্তবক অর্পণ:**

(ক) জাতীয় শোকদিবস পালন উপলক্ষে ১৫ আগস্ট ২০১৭ তারিখ বঙ্গবন্ধুর ৪২তম শাহাদৎ বার্ষিকী উপলক্ষে প্রত্যুষে ধানমন্ডি ৩২ নং রোডে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হয়।

(খ) জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর জন্মবার্ষিকী ও মৃত্যুবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে কবির মাজারে পুস্পস্তবক অর্পণ করা হয়।

(গ) মহান বিজয় দিবস ২০১৬ উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ প্রত্যুষে সাভার গমণ এবং মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে জাতীয় স্মৃতি সৌধে পুস্পস্তবক অর্পণ করা হয়।

(ঘ) ২৯/১২/২০১৬ তারিখে চিত্রকলার পুরোধা ব্যক্তিত্ব শিল্পাচার্য জয়নুল আবেদিন-এর জন্মবার্ষিকী এবং ২৮ মে ২০১৮ তারিখে মৃত্যুবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে মরহুম শিল্পাচার্যের মাজারে শ্রদ্ধা নিবেদন করে পুস্পস্তবক অর্পণ করা হয়।

(ঙ) মহান একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে একুশের প্রথম প্রহরে শহীদ মিনারে গিয়ে শহীদদের প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

(চ) ২৬ মার্চ ২০১৮ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে মহান শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে ঐ দিন প্রত্যুষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে সাভার জাতীয় স্মৃতি সৌধে পুস্পার্ঘ্য অর্পণ করা হয়।

(জ) পটুয়া কামরুল হাসানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে শিল্পীর মাজারে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে পুস্পস্তবক অর্পণ করা হয়।

(১৪) সভা :

(ক) ২০১৭-২০১৮ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজ-এর ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(খ) ২০১৭-২০১৮ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের বাছাই কমিটি-১ এর ৮টি সভা এবং বাছাই কমিটি-২ এর ৭টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(গ) ২০১৭-২০১৮ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রকাশনা কমিটির ৮টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(ঘ) APA সংক্রান্ত প্রতিমাসে একটি করে ১২টি সভা অনুষ্ঠিত হয়েছে।

মোঃ শওকত নবী
সচিব
বাংলাদেশ জাতীয় জাদুঘর
ফোন : ৯৬৭৪৭৯৬
e-mail: shawkat_nabi@yahoo.com